# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক
জজ ও অর্থঋণ আদালত-১, ঢাকা।

**অর্থজারী মামলা নং-৬৩/২০২৪**

**বেসিক ব্যাংক লিমিটেড (বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড), কারওয়ান বাজার শাখা,** ঠিকানা- "লতিফ টাওয়ার" ৪৭, কাওরান বাজার, ঢাকা-১২১৫, যাহার প্রধান কার্যালয়, "সেনা কল্যান ভবন" ১৯৫, মতিঝিল, বাণিজ্যিক এলাকা, ঢাকায় অবস্থিত। ............ডিক্রীদার।

**=বনাম=**

১. **"মেসার্স সিলভার বাস্কেট"** স্বত্বাধিকারী- মোঃ ইসমাইল, পিতা- মৃত তারিকুল আলম ভূঁইয়া, মাতা- মৃত মমতাজ বেগম, ঠিকানা- বাড়ী নং-১৪, রোড নং-২, ব্লক-বি, মহানগর প্রজেক্ট, পশ্চিম রামপুরা, থানা-রামপুরা, জেলা-ঢাকা-১২১৯।

২. মোঃ ইসমাইল, স্বত্বাধিকারী- "মেসার্স সিলভার বাস্কেট" পিতা- মৃত তারিকুল আলম ভূঁইয়া, মাতা- মৃত মমতাজ বেগম, ব্যবসায়িক ঠিকানা-বাড়ী নং-১৪, রোড নং-২, ব্লক-বি, মহানগর প্রজেক্ট, পশ্চিম রামপুরা, থানা-রামপুরা, জেলা-ঢাকা-১২১৯। বর্তমান ঠিকানা- বাড়ী নং-৯৯, রোড নং-১, ব্লক-বি, মহানগর হাউজিং প্রজেক্ট, থানা-রামপুরা, জেলা-ঢাকা-১২১৯। স্থায়ী ঠিকানা- ডি-২৭৭, পল্লবী, ২য় পর্ব ইষ্টার্ণ হাউজিং, থানা-পল্লবী, জেলা-ঢাকা-১২১৬।

৩. মিসেস নাজমা খানম, ব্যক্তিগত জামিনদার- "মেসার্স সিলভার বাস্কেট" স্বামী- মোঃ ইসমাইল, মাতা- মৃত রোকেয়া বেগম, ব্যবসায়িক ঠিকানা-বাড়ী নং-১৪, রোড নং-২, ব্লক-বি, মহানগর প্রজেক্ট, পশ্চিম রামপুরা, থানা-রামপুরা, জেলা-ঢাকা-১২১৯। বর্তমান ঠিকানা- বাড়ী নং-৯৯, রোড নং-১, ব্লক-বি, মহানগর হাউজিং প্রজেক্ট, থানা-রামপুরা, জেলা-ঢাকা-১২১৯। স্থায়ী ঠিকানা- ডি-২৭৭, পল্লবী, ২য় পর্ব ইষ্টার্ণ হাউজিং, থানা-পল্লবী, জেলা-ঢাকা-১২১৬। ............দায়িকগন।

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকের নিকট থেকে ডিক্রীদার ব্যাংকের নিকট বিগত ১৫/০১/২০২৪ ইং তারিখ পর্যন্ত পাওনা **৬,৫৫,৭০,৮০২.৩৭/- (ছয় কোটি পঞ্চান্ন লক্ষ সত্তর হাজার আটশত দুই দশমিক তিন সাত) টাকা** মাত্র আদায়ের লক্ষ্যে দায়িক পক্ষ কর্তৃক বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি **আগামী ২২/০৮/২০২৪ ইং** তারিখ নিম্নরুপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রি করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

১। আগামী **২২/০৮/২০২৪ ইং** তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর **"সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র"** লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হইবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত্ত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত্ত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার অর্থঋন আদালত-১, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫। দরদাতার অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত্ত দর গৃহীত হবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তাহা করতে ব্যর্থ হলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে ঐ একই দিন অর্থাৎ **২২/০৮/২০২৪ ইং** তারিখ দুপুর ২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা শায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত ক্রমিক নং-৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহা অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে। এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩(৩) ধারা অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবেন, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে, তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুণ, মাণ, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১। দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেয়া হবে।

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করতে হবে।

১৪। আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১৫। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকের অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

**SCHEDULE OF THE PROPERTIES**

All that piece and parcel of land measuring altogether more or less 2.50 (Two Point Five Zero) Khata or 4.12 (Four point One Two) Decimal situated within District- Dhaka. Under Dhaka Collectorate Touzi, P.S-Pallabi, Sub-Registry Office-Mirpur, Mouza-Goran Chotbari, J.L No. C.S. 218 and 216. S.A. 43 and 41, R.S. 22 and 20, Dhaka City Survey: 4, Khatian No. C.S. No. 186 & 189, S.A. No, 130 & 137, R.S. 15 & 32, Dhaka City Survey: 361, Bearing Plot No. C.S & S.A. 416 and 1199, R.S. 812 and 2068. Dhaka City Survey 6418, Mutation Khatian No. 307/3, 137/1, Jote No. 193/9, 41/17 at Present Address: 361, Appertaining to lay out Plot No- D/277, Block-D of "Pallabi 2nd Phase" of Eastern Housing Ltd. Which is butted & bounded as follows: On the North: Company Lay Out Plot No- D/275, On the South: Company Lay Out Plot No: D/279, On the East: Company Lay Out Plot No- D/204 & On the West: Company Lay out Road. Along with a 04 (Four) storied residential building on the aforisied land with all structures and constructions already constructed and will be constructed together with all rights easements and interests appertaining to the land and building.

আদালতের আদেশক্রমে-সেরেস্তাদার, জজ ও অর্থঋণ আদালত-১, ঢাকা।

দৈনিক আমার সংবাদ এবং দৈনিক গণমুক্তি
প্রকাশ তারিখ- ২৯/০৭/২০২৪